

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩, উমেশ দত্ত রোড  
বকশীবাজার, ঢাকা-১২১১  
[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)



নং-৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০২১- ২২০

তারিখঃ

২২ মাঘ ১৪২৭  
০৪ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর এর অফিস কক্ষে হাজতি বন্দি নং-২৯৬/২০১৫ তুষার আহমেদ এর দেখা সাক্ষাৎ এর বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক কর্নেল মোঃ আবরার হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শককে সভাপতি করে ০৩ সদস্য বিশিষ্ট এবং জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর কর্তৃক অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুরকে আহবায়ক করে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এবং কারা অধিদপ্তর কর্তৃক যথাক্রমে ২৬.০১.২০২১ এবং ০২.০২.২০২১ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে;

যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এবং কারা অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুরের বিরুদ্ধে গুরুতর অসদাচরণের অভিযোগ আনয়নপূর্বক দায়- দায়িত্ব নিরূপন করে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করা হয়েছে;

সেহেতু তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১ (বর্তমানে কারা অধিদপ্তর, ঢাকায় সংযুক্ত)-কে কারা বিধি ১ম খন্ডের ১৯৪ বিধি মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকি ভাতাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

মোঃ মোমিনুর রহমান মামুন  
ব্রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
[ig@prison.gov.bd](mailto:ig@prison.gov.bd)

নং-৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০২১- ২২০

তারিখঃ

২২ মাঘ ১৪২৭  
০৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য জন্য অনুরোধ করা হলো)
- ৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা ঢাকা।
- ৫। সিনিয়র জেল সুপার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, কাশিমপুর, গাজীপুর।
- ৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার গাজীপুর।
- ৭। জনাব মোঃ গোলাম সাকলাইন, ডেপুটি জেলার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১ (বর্তমানে কারা অধিদপ্তর, ঢাকায় সংযুক্ত)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। শাখা প্রধান, প্রশাসন/ সংস্থাপন-২ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

মোঃ মোমিনুর রহমান মামুন  
ব্রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
[ig@prison.gov.bd](mailto:ig@prison.gov.bd)  
০৪.০২.২০২১